

নব জীবন আনন্দ প্ল্যান - সাধারণ জিজ্ঞাসিত প্রশ্নাবলী

১. নব জীবন আনন্দ জীবন বীমা পরিকল্পনা কী?

'নব জীবন আনন্দ' একটি দীর্ঘমেয়াদি জীবন বীমা পরিকল্পনা, যা আপনার এবং আপনার প্রিয়জনের জন্য আর্থিক সুরক্ষা, সঞ্চয় এবং আকর্ষণীয় বোনাসের সুবিধা নিয়ে এসেছে। এটি আপনার ভবিষ্যৎকে নিরাপদ করতে সহায়তা করে।

২. এই প্ল্যানে কারা আবেদন করতে পারবেন?

১৮ বছর থেকে ৫০ বছর বয়সী (নিকটবর্তী জন্মদিন অনুযায়ী) যেকোনো ব্যক্তি এই পলিসির জন্য আবেদন করতে পারবেন।

৩. এই পলিসিতে সর্বোচ্চ ম্যাচুরিটি বয়স কত?

সর্বোচ্চ ম্যাচুরিটি বয়স হলো ৭৫ বছর।

৪. এই পলিসির মেয়াদ কত?

- ন্যূনতম মেয়াদ ১৫ বছর
- সর্বোচ্চ মেয়াদ ৩৫ বছর

৫. এই পলিসির সর্বনিম্ন বীমা অঙ্ক (সাম্যাসিওরড) কত?

সর্বনিম্ন বীমা অঙ্ক হলো ১,০০,০০০ টাকা (৫,০০০ টাকা করে বৃদ্ধি ঘোগ্য)

৬. সর্বোচ্চ বীমা রাশির কোনো সীমা আছে কি?

না, এই পলিসিতে সর্বোচ্চ বীমা রাশির কোনো নির্দিষ্ট সীমা নেই।

৭. সর্বোচ্চ বীমা রাশির কোনো সীমা আছে কি?

আপনি আপনার সুবিধা অনুযায়ী নিচের যেকোনো পদ্ধতিতে প্রিমিয়াম পরিশোধ করতে পারবেন:

- বার্ষিক (yearly)
- অর্ধ-বার্ষিক (half-yearly)
- ত্রৈমাসিক (quarterly)
- মাসিক (monthly)



৮. বেশি বীমা অঙ্কের কভারেজ নিলে কি কোনো ছাড় পাওয়া যায়?

অবশ্যই। নিম্নে উল্লেখিত ডিসকাউন্ট পাওয়া যাবে:

- ২ লাখ – ৪.৯৫ লাখ: ১.৫ টাকা ছাড় প্রতি ১০০০ টাকা বীমা রাশিতে
- ৫ লাখ – ৯.৯৫ লাখ: ২.৫০ টাকা ছাড় প্রতি ১০০০ টাকা বীমা রাশিতে
- ১০ লাখ বা তার বেশি: ৩.০০ টাকা ছাড় প্রতি ১০০০ টাকা বীমা রাশিতে

৯. এই পলিসিতে কী সারেন্ডার সুবিধা পাওয়া যাবে?

কমপক্ষে ৩ বছর পূর্ণ প্রিমিয়াম পরিশোধ করার পর পলিসি সারেন্ডার করলে আপনি সারেন্ডার ভ্যালু পাবেন।

১১. আমি কি এই পলিসিতে খণ্ড নিতে পারবো?

জি, ৩ বছর প্রিমিয়াম পরিশোধের পর আপনি পলিসির বিপরীতে খণ্ড নিতে পারবেন।

১২. যদি পলিসি ল্যাপস হয়ে যায়, তাহলে কি আবার চালু করা যাবে?

জি, প্রথম বকেয়া প্রিমিয়ামের তারিখ থেকে ২ বছরের মধ্যে আপনি ল্যাপস হওয়া পলিসি আবার চালু করতে পারবেন।

১৩. প্রিমিয়াম পরিশোধের সময়কালে বীমাধারীর মৃত্যু হলে কী হবে?

প্রিমিয়াম পরিশোধের সময়কালে যদি বীমাধারীর মৃত্যু ঘটে, তাহলে বীমার মৃত্যু সুবিধা হিসেবে মনোনীত ব্যক্তি (Nominee) পাবেন—

- বীমা অঙ্কের ১২৫%, এবং
- তৎকালীন পর্যন্ত অর্জিত বোনাস (যদি প্রযোজ্য হয়)

১৪. পলিসির মেয়াদ শেষে কী কী ম্যাচুরিটি সুবিধা মিলবে ?

মেয়াদ পূর্ণ হলে আপনি পাবেন:

- মূল বীমা অঙ্ক + অর্জিত বোনাস + চূড়ান্ত অতিরিক্ত বোনাস (কোম্পানি ঘোষণা করে থাকলে)।

১৫. প্রিমিয়াম পরিশোধের সময় শেষ হওয়ার পর যদি বীমাধারীর মৃত্যু ঘটে, তাহলে কী হবে?

এই অবস্থায়, নমিনী মূল বীমা অঙ্ক (Basic Sum Assured) পাবেন।